

তারিখ: 02/08/2017

**ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস)-এর ধারা 35A -র অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- দ্য ভোপাল নাগরিক সহকারি ব্যাঙ্ক লিমিটেড,
ভোপাল- মেয়াদ বর্ধন**

জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা জানান হচ্ছে যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এইমর্মে সন্তোষ প্রকাশ করেছে যে জনস্বার্থে, ভোপাল নাগরিক সহকারি ব্যাঙ্ক লিমিটেড, ভোপাল (এম.পি.)-এর প্রতি জারিকৃত অক্টোবর 29, 2012 তারিখাঙ্কিত আদেশবিধি তৎসহ পঠিত জানুয়ারি 25, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির কার্যকারিতার মেয়াদ বর্ধন করে বিশেষ নিয়ন্ত্রণবিধি জুলাই 31, 2017 পর্যন্ত বর্ধিত করা প্রয়োজনা তদনুসারে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 35 A-র উপধারা (1) তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা নির্দেশ দেয় যে ভোপাল নাগরিক সহকারি ব্যাঙ্ক লিমিটেড, ভোপাল (এম.পি.)-এর প্রতি জারিকৃত অক্টোবর 29, 2012 তারিখাঙ্কিত আদেশবিধি, যেটির বৈধতার মেয়াদ শেষবার জুলাই 31, 2017 পর্যন্ত বর্ধন করা হয়ে ছিল, জুলাই 25, 2017 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশবিধির মাধ্যমে অব্যাহতরূপে আরও ছয় মাস মেয়াদের জন্য অগস্ট 01, 2017 থেকে জানুয়ারি 31, 2018 পর্যন্ত পর্যালোচনার সাপেক্ষে কার্যকরী থাকবে। উপরোক্ত আরবিআই আদেশবিধির প্রতিলিপি ব্যাঙ্ক চত্বরে আগ্রহী জনগণের দর্শনার্থে প্রদর্শিত আছে।

আরবিআই কর্তৃক উপরোক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি জারির অর্থ এই নয় যে আরবিআই কর্তৃক ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা হয়েছে। পরবর্তী পর্যালোচনা অবধি উক্ত ব্যাঙ্ক বিধিনিষেধের অধীনে ব্যাঙ্কিং ব্যবসাকার্য চালিয়ে যাবে। রিজার্ভ ব্যাঙ্ক পরিস্থিতির উপর নির্ভর করে এইসকল বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি: 2017-2018/318